

২০২২

বাংলা

(সাম্মানিক)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকট্রিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

ষষ্ঠ সেমেষ্টার

কোর্স কোড : BENG-H-DSE-T-4

(বাংলা ও প্রাদেশিক সাহিত্য)

পূর্ণমান : ৬০

সময় : ২:৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রাত্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

বিঃ দ্রঃ- A4 সাইজ কাগজের ১০ থেকে ১২ পৃষ্ঠার মধ্যে উত্তর লেখা বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

- ক) ‘আপন ভাবলেই আপন, পর ভাবলেই পর’ — কোন্‌ গল্পে কে বলেছে? কী প্রসঙ্গে বলেছে?
- খ) ‘পালোয়ানের গেলক’ গল্পের লেখক কে? পালোয়ান কে? তার ঢোলের বোলাটি লেখ।
- গ) ‘অকস্মাত গাঁয়ে বজ্রপাত হল’— ব্যাখ্যা করো।
- ঘ) দুলারীর স্বামী কতদিন হাসপাতালে ছিল? কী অসুখ হয়েছিল?

(পরের পাতায়)

- ঙ) জঞ্জল বুড়োর কেন দুনিয়ার প্রতি ঘৃণা ছিল?
- চ) সেদিন সকাল থেকেই সাপুড়ের মেয়ের মন চঞ্চল হয়ে আছে — এই চঞ্চলতা কেন?
- ছ) সাপুড়ের বাচ্চা মেয়েটি কিভাবে দর্শকের সামনে যায়?
- জ) ‘তোরা ভেন হয়েছিস বলে বাচ্চা কাচ্চা কি ভেন হয় রে’ — কে, কাকে বলেছে? কী প্রসঙ্গে?
- ঝ) ‘ময়লা আঁচলে’র লেখক কে? তাঁর প্রকৃত নাম ও জন্ম তারিখ লেখো।
- ঝঃ) অর্থ লেখো : হৈজা, ভেঁসচ রমণ, জলখাই, লালমনিয়ার
- ট) মেরী গঞ্জের নামকরণ কিভাবে হয়?
- ঠ) নকল আদালতে কোন্ বইতে হাত রেখে সকলে শপথ নেয়? এর মধ্য দিয়ে নাট্যকার, কী বলতে চেয়েছেন?
- ড) মিঃ কাশিকর নকল আদালতে কোন্ ভূমিকায় অভিনয় করেন? তার আচরণ কেমন ছিল?
- ঢ) ছোটবেলায় বেনারে তার বইয়ের প্রথম পাতায় কী লিখে রাখত?
- ণ) নাট্যকার বিজয় তেঙ্গুলকরের দুটি বিখ্যাত নাটকের রচনাকালসহ নাম লেখো।
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $4 \times 5 = 20$
- ক) মেরীগঞ্জে কমলা মাইয়াকে নিয়ে কী জনশ্রুতি আছে?
- খ) মেরীগঞ্জের মঠের বাসিন্দাদের পরিচয় দাও।
- গ) সাপুড়ে তার মেয়ের বিয়ের জন্য সন্তান্য পাত্রের পরীক্ষা কিভাবে নেয়?

- ঘ) রঘুর স্ত্রীর সৌন্দর্যের বর্ণনা দাও। বৌ সংসারে এসে কী
করল ?
- ঙ) কার্ণিকের পরিচয় দাও। সাক্ষী দিতে এসে বেনারে সম্পর্কে
সে কী বলেছিল ?
- চ) দামলে কে ? তার বাড়ি গিয়ে রোকড়ে কী দেখেছিল ? সে
কথা শুনে উকিল কী বলল ?
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$
- ক) ‘ময়লা আঁচল’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার
করো।
- খ) ‘জীবন যেন তোমার জন্য গান করছে। যে আত্মহত্যা
সফল হয়নি তা যেন অপূর্ব আনন্দের। সে আনন্দ বেঁচে
থাকার কষ্টের চেয়েও বেশী।’ — এই সংলাপের আলোতে
বেনারের চরিত্র বিশ্লেষণ করো।
- গ) জঞ্জল বুড়োর জীবন কেমন ছিল ? কিভাবে সে একজন
প্রকৃত মানুষ হয়ে ওঠে ?
- ঘ) ‘জয়মালা’ গল্পে কিভাবে প্রেমজয়ী হয়েছে ব্যাখ্যা করো।
